

৬.৪ ভূমির শ্রেণি পরিবর্তনের আবেদন নিষ্পত্তি:

সেবা প্রদান পদ্ধতি (সংক্ষেপে):

আবেদনপ্রাপ্তির পর সরজমিন তদন্ত ও রেকর্ডীয় দলিলাদি/কাগজপত্র যাচাই অন্তে প্রতিবেদন/প্রস্তাব দাখিলের জন্য সংশ্লিষ্ট ইউনিয়ন ভূমি সহকারী কর্মকর্তা বরাবর পত্র প্রেরণ এবং শুনানির দিন/তারিখ ধার্য করে আবেদনকারীসহ সংশ্লিষ্টদের নোটিশে প্রদান করা হয়। ধার্য তারিখে শুনানি গ্রহণ, প্রাপ্ত প্রতিবেদন এবং দাখিলকৃত দলিলাদি/কাগজপত্র পরীক্ষান্তে মতামতসহ প্রতিবেদন অতিরিক্ত জেলা প্রশাসক (রাজস্ব) বরাবর প্রেরণ করা হয়। অতিরিক্ত জেলা প্রশাসক (রাজস্ব) তাঁর মতামতসহ প্রস্তাব (প্রয়োজনে সরজমিন অবলোকনপূর্বক) জেলা প্রশাসক বরাবর প্রেরণ করেন। জেলা প্রশাসক কর্তৃক প্রস্তাব অনুমোদিত হলে তা উপজেলা ভূমি অফিসে প্রেরণ করা হয়। সহকারী কমিশনার (ভূমি) কর্তৃক অনুমোদনের কপি ইউনিয়ন ভূমি সহকারী কর্মকর্তার নিকট প্রেরণ করা হয়। ইউনিয়ন ভূমি সহকারী কর্মকর্তা যথাযথভাবে সংশোধন করে তামিল প্রতিবেদন দাখিল করেন।

সেবা প্রাপ্তি সময়: সাধারণত ৬০-৯০ দিন

প্রয়োজনীয় ফি: ২০ টাকার কোর্ট ফি ব্যতিত অন্য কোন খরচ নাই

সেবা প্রাপ্তির স্থান: উপজেলা ভূমি অফিস/ডিসি অফিস

দায়িত্বপ্রাপ্ত কর্মকর্তা/কর্মচারী: জেলা প্রশাসক/অতিরিক্ত জেলা প্রশাসক (রাজস্ব)/সহকারী কমিশনার (ভূমি)

প্রয়োজনীয় কাগজপত্র:

- ১। আবেদন;
- ২। আবেদনকারীর জাতীয় পরিচয় পত্রের কপি;
- ৩। আবেদনকারীর সদ্য তোলা পাসপোর্ট সাইজের ছবি;
- ৪। দাবির/মালিকানার স্বপক্ষীয় কাগজপত্র

সেবা প্রাপ্তির শর্তাবলি: দাবির স্বপক্ষে কাগজ সহ আবেদন দাখিল

সংশ্লিষ্ট আইন ও বিধি:

- ১। এসএ এ্যান্ড টিএ্যাক্ট ১৯৫০;
- ২। ভূমি ব্যবস্থাপনা ম্যানুয়াল-১৯৯০;
- ৩। পরিপত্র

সেবা প্রদানে ব্যর্থ হলে প্রতিকারকারী কর্মকর্তা:

জেলা প্রশাসক / অতিরিক্ত বিভাগীয় কমিশনার (রাজস্ব)।

সেবার নাম: ভূমির শ্রেণি পরিবর্তনের আবেদন নিষ্পত্তি

